

স্মারক নং: বিবি/ইং/প্রো.অ/২০২২/১৩৯

সেপ্টেম্বর ১৩, ২০২২

অফিস বিজ্ঞপ্তি

ফল-২০২২ সেমিস্টারের ক্লাশ শুরু

ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে, ফল-২০২২ সেমিস্টারের ক্লাশ আগামী সেপ্টেম্বর ২০, ২০২২ তারিখ থেকে শুরু হবে।

রিটেক ও ইম্প্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন

- ইংরেজি বিভাগের শিক্ষার্থীদের জানানো যাচ্ছে, ফল-২০২২ সেমিস্টারে অনার্স এবং মাস্টার্স প্রোগ্রামের সকল শিক্ষার্থী আগামী ২০/০৯/২০২২ তারিখ হতে ০৩/১০/২০২২ তারিখ পর্যন্ত রিটেক ও ইম্প্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন করতে পারবে। রিটেক/ইম্প্রুভমেন্ট কোর্সের জন্য নির্দিষ্ট রেজিস্ট্রেশন ফর্মটি বিভাগের অফিস থেকে সংগ্রহ করতে হবে। বিভাগের ওয়েবসাইটের নোটিস বোর্ডেও ফর্মটি পাওয়া যাবে।
- ফর্মটি পূরণ করে আগামী ০৩/১০/২০২২ তারিখের মধ্যে বিভাগের প্রোগ্রাম অফিসে জমা দিতে হবে। নির্দিষ্ট তারিখের পরে আর কোনো আবেদন গ্রহণ করা হবে না। ইম্প্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশনের জন্য কোর্সের গ্রেড B বা তার নিচে থাকতে হবে।
- ফোনে রেজিস্ট্রেশন করা যাবে না অথবা ফর্মটি পূরণ করে জমা দেওয়ার পরে আর কোনো পরিবর্তন করা যাবে না।
- রেজিস্ট্রেশনকারী শিক্ষার্থীদের নিজ নিজ কোর্সের শিক্ষকদের সাথে ০৬/১০/২০২২ তারিখের মধ্যে যোগাযোগ করে রেজিস্ট্রেশনকৃত কোর্স সম্পর্কে অবগত করতে হবে এবং তাঁদের নির্দেশনা অনুযায়ী ক্লাস, অ্যাসাইনমেন্ট, ক্লাস টেস্ট, মিডটার্ম, ফাইনাল পরীক্ষা সম্পন্ন করতে হবে।

Free Studentship এর জন্য আবেদন

Fall-2022 সেমিস্টারে Free Studentship এর জন্য আগ্রহী শিক্ষার্থীরা ২০/০৯/২০২২ থেকে ২৫/০৯/২০২২ তারিখ পর্যন্ত অনলাইনে Free Studentship এর জন্য আবেদন করতে পারবে। শিক্ষার্থী তাদের Student Panel এ গিয়ে Waiver Application অপশনে ক্লিক করে তাদের আবেদনপত্রটি পূরণ করে Submit করবে। Submit করার পর আর কোনো কিছু সংশোধন বা পুনরায় আবেদন করা যাবে না। সুতরাং, Submit করার আগে তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে। Summer-2022 সেমিস্টারে Free Studentship সুবিধা প্রাপ্ত শিক্ষার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। শিক্ষার্থীর সেমিস্টার পরীক্ষার ফলাফল ও আর্থিক অবস্থা মূল্যায়ন করে এই সুবিধা বজায় থাকবে/থাকবে না। উল্লেখ্য, নতুনভাবে আবেদন করার জন্য এবং Free Studentship প্রাপ্ত শিক্ষার্থীদের সুবিধা পুনর্বিবেচনার জন্য সর্বশেষ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় ন্যূনতম জিপিএ - ৩.০০ থাকতে হবে। Free Studentship কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে আগামী ১০/১০/২০২২ তারিখ বিকাল ৫ টায় চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।

পে-স্লিপ সংগ্রহ ও সেমিস্টার ফি প্রদান

অক্টোবর ১৩, ২০২২ তারিখ থেকে স্টুডেন্ট প্যানেলে পে-স্লিপ পাওয়া যাবে এবং ব্যাংক (এনসিসি ব্যাংকের যেকোন শাখায়) অথবা মোবাইল ব্যাংকিং (রকেট/বিকাশ) এর মাধ্যমে সেমিস্টার ফি প্রদান করা যাবে। রকেটে নিজস্ব একাউন্ট থেকে টিউশন ফি জমা দিলে অতিরিক্ত কোন সার্ভিস চার্জ লাগবে না।

- ১ম কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: অক্টোবর ২০, ২০২২।
- ২য় কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: নভেম্বর ২৭, ২০২২।

বিলম্ব ফি

অক্টোবর ২০, ২০২২ তারিখের পরে প্রথম কিস্তির টাকা এবং নভেম্বর ২৭, ২০২২ তারিখের পরে দ্বিতীয় কিস্তির টাকা জমা দিলে বিলম্ব ফি হিসেবে প্রতি দিনের জন্য ৫০ টাকা জরিমানা প্রযোজ্য হবে।

বি.দ্র: যেসকল শিক্ষার্থীর সেমিস্টার ড্রপ/সেমিস্টার ফি বকেয়া আছে তাদেরকে অক্টোবর ০৩, ২০২২ তারিখের মধ্যে প্রোগ্রাম অফিসে যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।



প্রফেসর মো. শহীদুর রহমান

বিভাগীয় প্রধান, ইংরেজি বিভাগ, বরেন্দ্র বিশ্ববিদ্যালয়